"মুজিববর্ষের আহবান
দক্ষ হয়ে বিদেশ যান"

NOTESHEET

AD(+)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড
ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।
www.wewb.gov.bd

**বিষয়: ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের পুরাতন মোটরযানসমূহ, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণা (Condemnation) ও নিস্পত্তিকরণ নীতিমালা বাস্তবায়ন সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়টি গত ২৭-০৫-২০২১ তারিখে অনুষ্ঠিত ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ৩০৪তম সভায় উপস্থাপন করা হলে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

"ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের পুরাতন মোটরযানসমূহ, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণা (Condemnation) ও নিস্পত্তিকরণের নিমিত্ত উপস্থাপনকৃত নীতিমালা অনুমোদন প্রদান করা হয়।"

২.০ এমতাবস্থায়, বোর্ড সভার গৃহীত সিদ্ধান্তটি প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

০৮/০৬/২০২১

(শোয়াইব আহমাদ খান)
যুগ্মসচিব
পরিচালক (অর্থ ও কল্যাণ)
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।
ফোন- ০২-৪৮৩১৩৪৩৭
d.fw@wewb.gov.bd

**পরিচালক**
(প্রশাসন ও উন্নয়ন)
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।

ইউ.নোট নং-৪৯.০৪.০০০০.০৪৪.০৬.০০৪.২০২০/(৫৩)৭৩ তারিখ: ০৮-০৬-২০২১ খ্রিঃ।

**অনুলিপি:**

১। সহকারী পরিচালক (রক্ষণাবেক্ষণ শাখা), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
২। হিসাবরক্ষণ কর্মকর্তা, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৩। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৪। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা।

**বিষয়: ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মোটরযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ ও নিস্পত্তির নীতিমালা।**

ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ৩০৪তম বোর্ড সভায় অনুমোদিত এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিবহন শাখার সম(পরি)প-৫/৯৮/-১৫৮(২০০), তারিখ-১১মে, ১৯৯৯খ্রিঃ নং স্মারকমূলে জারিকৃত "যানবাহন, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ ও নিস্পত্তি" নীতিমালা ১৯৯৯ এর অনুচ্ছেদ-৭ এ প্রদত্ত নির্দেশনা মোতাবেক ওয়েজ আর্নর্স কল্যাণ বোর্ডের পুরাতন যানবাহন, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি বিক্রয়ের জন্য যানবাহন/মোটরযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণা ও নিস্পত্তির জন্য নিম্নরুপ নীতিমালা প্রণয়ন করা হলো।

২.০ ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মোটরযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ ও নিস্পত্তির জন্য নিম্নরুপ কমিটি গঠন করা হলো:

| | | |
|---|---|---|
| ক) | পরিচালক (অর্থ ও কল্যাণ), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড | সভাপতি |
| খ) | মটরযান মেরামত কাজ সংক্রান্ত অভিজ্ঞ একজন উর্ধ্বতন প্রকৌশলী | সদস্য |
| গ) | গণপূর্ত অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ/যন্ত্র প্রকৌশলী) | " |
| ঘ) | উপ-পরিচালক (প্রশাসন ও উন্নয়ন), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড | " |
| ঙ) | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের একজন কম্পিউটার বিশেষজ্ঞ | " |
| চ) | বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বি.আর.টি.এ) এর একজন উপযুক্ত প্রতিনিধি | " |
| ছ) | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড | সদস্য সচিব |

**(এই কমিটি প্রয়োজনবোধে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবে।)**

৩.০ অকেজো ঘোষণারকরণ কমিটির সদস্যসচিব সভাপতির সহিত আলোচনাপূর্বক কমিটির সভা আহবান করবে এবং অকেজো ঘোষণাযোগ্য মোটরযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতির সংরক্ষিত মূল্য নির্ধারণ করে কমিটির মতামত সভার কার্যবিবরণীতে সুপারিশ আকারে লিপিবদ্ধ করে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মহাপরিচালক এর নিকট পেশ করবে। মোটরযানের ক্ষেত্রে পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে মহাপরিচালক বিষয়টি নিস্পত্তি করবে। কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতির বিষয়ে মহাপরিচালকই চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবে। উভয়ক্ষেত্রে নিস্পত্তির বিষয়টি প্রশাসনিক মন্ত্রণালয়কে অবহিত করবে।

৪.০ কমিটি কাজের প্রকৃতির বিভিন্নতায় নিম্নরুপভাবে কাজ করবে:

(ক) মোটরযান অকেজো ঘোষণার ক্ষেত্রে কমিটির সভায় ২নং অনুচ্ছেদের (খ) ও (চ) ক্রমিকে উল্লিখিত কর্মকর্তাবৃন্দ অবশ্যই উপস্থিত থাকবে।

(খ) কম্পিউটার ও কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি অকেজো ঘোষণার ক্ষেত্রে কমিটির সভায় ২নং অনুচ্ছেদের (ঙ) ক্রমিকে উল্লিখিত কর্মকর্তা অবশ্যই উপস্থিত থাকবে।

(গ) অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণার ক্ষেত্রে কমিটির সভায় ২ নং অনচ্ছেদের (গ) নং ক্রমিকে উল্লিখিত কর্মকর্তা অবশ্যই উপস্থিত থাকবে।

(ঘ) পরিচালক (অর্থ ও কল্যাণ) মোটরযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তির ক্ষেত্রে কমিটির সভাপতি হিসেবে দায়িত্ব পালন করবে। অন্যান্য পরিচালকগণ তাঁহাদের নিজ অধিক্ষেত্রের মোটরযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তির ক্ষেত্রে কমিটির সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করবে।

৫.০ এই নীতিমালার আওতায় নিম্নলিখিত যানবাহন/যন্ত্রপাতি থাকবে:

(ক) সকল প্রকার মোটরযান যেমন- কার, জীপ, পিকআপ, মাইক্রোবাস, মিনিবাস, বাস, এম্বুলেন্স, ট্রাক, মোটরসাইকেল ইত্যাদি;

(খ) কম্পিউটার, প্রিন্টার, স্ক্যানার ও কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি;

(গ) অফিসে ব্যবহৃত যন্ত্রপাতি যেমন- ফটোকপিয়ার মেশিন, ফ্যাক্স মেশিন, টেলিফোন সেট, এয়ার কন্ডিশনার ইত্যাদি।

৬.০ মোটরযান অকেজো ঘোষণার জন্য অনুসৃত বিষয়াবলী:

(ক) মেরামতের অযোগ্য বা মেরামত করে ব্যবহার অলাভজনক বলে বিবেচিত মোটরযান সম্পর্কে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড নির্দিষ্ট ছকে (পরিশিষ্ট 'ক'-১) বিস্তারিত বিবরণ লিপিবদ্ধ করে তা বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বি.আর.টি.এ) এর সংশ্লিষ্ট মোটরযান পরিদর্শকের নিকট প্রেরণপূর্বক প্রত্যক্ষ পরিদর্শন করে মেরামতের অযোগ্যতার প্রতিবেদন প্রদানের জন্য অনুরোধ করবে;

(খ) সংশ্লিষ্ট মোটরযান পরিদর্শক সরেজমিনে মোটরযান পরিদর্শনপূর্বক মোটরযানটি মেরামত করে ব্যবহার করা অলাভজনক বিবেচিত হলে নির্ধারিত ছকে (পরিশিষ্ট 'ক'-২) কারিগরি প্রতিবেদন প্রণয়ন করে সহকারী পরিচালক (ইঞ্জিনিয়ারিং) এর প্রতিস্বাক্ষরে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডে প্রতিবেদন প্রেরণ করবে;

(গ) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড উক্ত প্রতিবেদন প্রাপ্তির পর মোটরযানের বিস্তারিত বিবরণসহ (সংশ্লিষ্ট কাগজপত্র) তা পরিচালনা পর্ষদের নিকট অকেজো ঘোষণার নিমিত্ত উপস্থান করবে।

৭.০ মোটরযান অকেজো ঘোষণার নির্ণয়ক :

(ক) ঘনঘন মেরামতের ফলে মেরামত করে চালানো অলাভজনক হয়ে পড়েছে এরুপ মোটরযান;

(খ) মডেল পরিবর্তনের দরুন বাজারে সরবরাহ বন্ধ হয়ে গেছে এমন যন্ত্রাংশ পরিবর্তনের প্রয়োজন আছে এরুপ মোটরযান;

(গ) মেরামত করে ব্যবহার উপযোগী করতে যে সমস্ত মোটরযানের বর্তমান বাজার মূল্যের ৫০% এর বেশী ব্যয় হবে এরুপ মোটরযান;

(ঘ) দুই-এর অধিক প্রধান ইউনিটের সমস্ত যন্ত্রাংশ ক্ষয়প্রাপ্ত হয়েছে এরুপ মোটরযান;

(ঙ) দূর্ঘটনায় ক্ষতিগ্রস্থ মোটরযানের কাঠামো দুমড়ে/মুচড়ে গেছে এবং এক বা একাধিক প্রধান ইউনিট বিনষ্ট হয়েছে এরুপ মোটরযান।

৮.০ অকেজো ঘোষিত মোটরযান নিষ্পত্তি প্রক্রিয়া :

(ক) কোন মোটরযান চূড়ান্তভাবে অকেজো ঘোষিত হবার পর ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড তা বিক্রয়ের নিমিত্ত ১টি বাংলা ও ১টি ইংরেজী বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় দরপত্র আহ্বান করবে। দরপত্র সিডিউলে মোটরযানটির সংরক্ষিত মূল্য উল্লেখ করতে হবে। এই ক্ষেত্রে দরপত্রদাতা দরপত্রের সাথে আর্নেষ্টমানি হিসেবে বিধি মোতাবেক পে-অর্ডার/ব্যাংক ড্রাফট প্রদান করবে;

(খ) দরপত্র প্রাপ্তির পর ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের দরপত্র কমিটি দরপত্রগুলি পরীক্ষা করে তার সুপারিশসহ পরিচালনা পর্ষদের নিকট অনুমোদনের জন্য প্রেরণ করবে;

(গ) অকেজো ঘোষিত মোটরযান সংরক্ষিত মূল্যে বিক্রয় করা সম্ভব না হলে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের অকেজো ঘোষণাকরণ কমিটির নিকট বিষয়টি উত্থাপন করবে এবং অকেজো ঘোষণাকরণ কমিটির সদস্য সচিব সভাপতির সাথে আলোচনাপূর্বক কমিটির সভা আহ্বান করবেন এবং অকেজো ঘোষণাযোগ্য মোটরযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতির সংরক্ষিত মূল্য নির্ধারণ করে কমিটির মতামত সভার কার্যবিবরণীতে সুপারিশ আকারে লিপিবদ্ধ করবেন। সংশ্লিষ্ট মোটরযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড অকেজো ঘোষণাকরণ কমিটির সুপারিশের আলোকে এগুলির উপর চূড়ান্ত সিদ্ধান্তের জন্য পরিচালনা পর্ষদের নিকট পেশ করবেন। প্রয়োজনবোধে উক্ত কমিটি যুক্তিসঙ্গত কারণে সংরক্ষিত মূল্য পুনঃ নির্ধারণের জন্য সুপারিশ করতে পারবে।

৯.০ কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি:

(ক) ব্যবহারের অযোগ্য বা মেরামত করে ব্যবহার অলাভজনক বলে বিবেচিত কম্পিউটার/কম্পিউটার সশ্লিষ্ট যন্ত্রপাতি সম্পর্কে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের নির্ধারিত ছকে (পরিশিষ্ট 'খ') বিস্তারিত বিবরণ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) এর নিকট প্রেরণ পূর্বক প্রতিবেদন দেয়ার জন্য অনুরোধ করবে;

(খ) বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের মনোনীত কারিগরি প্রতিনিধি সংশ্লিষ্ট কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি প্রয়োজনবোধে সরেজমিনে পরিদর্শন করে অথবা প্রাপ্ত তথ্যাদির ভিত্তিতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে তা মেরামত করে ব্যবহার করা অলাভজনক হলে অথবা ব্যবহারের অনুপযোগী হলে এই মর্মে প্রতিবেদন প্রদান করবে। নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন দিখিল করতে ব্যর্থ হলে বিলম্বের কারণ ব্যাখ্যা করে পরবর্তী ১৫ (পনেরো) দিনের মধ্যে অবশ্যই প্রতিবেদন দাখিল করবে;

(গ) প্রতিবেদন প্রাপ্তির পর ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড প্রয়োজনীয় কাগজপত্রসহ তা পরিচালনা পর্ষদের নিকট অকেজো ঘোষণার নিমিত্ত উপস্থাপন করবে;

(ঘ) বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল তার কাউন্সিলের অনুমোদনক্রমে মাঝে মাঝে পুরাতন প্রযুক্তিনির্ভর যে ধরণের কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি দেশে সাধারণভাবে অচল বলে ঘোষণা করবে সে ধরণের কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপারির ক্ষেতে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড উপরের ক, খ, গ এ বর্ণিত নিয়মাবলী মোতাবেক ব্যবস্থা গ্রহণ না করে সরাসরি ১০.০ ঙ-অনুচ্ছেদ মোতাবেক ব্যবস্থা গ্রহণ করবে।

১০.০ কম্পিউটার/কম্পউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি অকেজো ঘোষণার নির্ণয়ক:

(ক) ঘনঘন ত্রুটি দেখা যাচ্ছে এমন সব কম্পিউটার/কম্পিউটর সংশ্লিষ্ট যন্ত্রপাতি যা বার বার মেরামতের ফলে ব্যবহার আর্থিকভাবে অলাভজনক হয়ে পড়েছে;

(খ) যে সকল কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতির এমন যন্ত্রাংশ পরিবর্তনের প্রয়োজন রয়েছে, মডেল পরিবর্তন অথবা প্রযুক্তির উৎকর্ষের দরুন যার উৎপাদন ও সরবরাহ বন্ধ হয়ে গেছে এরুপ কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি;

(গ) মেরামত করে এক বৎসর পূর্ণ ওয়ারেন্টিসহ সম্পূর্ণ ত্রুটিহীন ও সচল করে একই ক্ষমতা সম্পন্ন অনুরুপ যন্ত্রপাতির মূল্য বর্তমান বাজার মূলের ৫০% এর বেশী ব্যয় হবে এরুপ কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি;

(ঘ) দূর্ঘটনাজনিত কারণে ক্ষতিগ্রস্থ হয়েছে অথবা যার অবয়ব/কাঠামোগত বিকৃতি ঘটেছে এরুপকম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি;

(ঙ) হার্ডওয়্যার এর গোলযোগের কারণে বার বার ত্রুটিপূর্ণ ফলাফল প্রদান করছে অথচ কোনভাবেই ত্রুটি নির্ণয় করা অথবা ত্রুটি মুক্ত করা সম্ভব হচ্ছেনা এরপ কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি;

(চ) কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্তপাতির আয়ুষ্কাল (ওয়ারেন্টিকাল+অতিরিক্ত ৫ বছর=ন্যূনতম ৬বছর) অতিবাহিত হয়েছে এবং কার্যকারিতা ভীষণভাবে কমে গেছে এমন কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্তপাতি।

১১.০ অকেজো ঘোষিত কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি নিষ্পত্তি প্রক্রিয়া:

(ক) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড অকেজো ঘোষিত কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি বিধি মোতাবেক বিক্রয় করবে।

(খ) যদি প্রদর্শনযোগ্য হয়, তা হলে প্রদর্শনের নিমিত্ত কোন সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাষিত যাদুঘর/কারিগরি প্রতিষ্ঠানে হস্তান্তর করা যাবে। এই ধরনের হস্তান্তর সংক্রান্ত দলিলাদি ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড সংরক্ষণ করবে।

(গ) দেশের কোন সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাষিত শিক্ষা/গবেষণা প্রতিষ্ঠানে প্রশিক্ষণ/গবেষণা কাজে কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি হস্তান্তর করা যাবে। এই ধরনের হস্তান্তর সংক্রান্ত দলিলাদি ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড সংরক্ষণ করবে।

(ঘ) অকেজো ঘোষিত কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি সংরক্ষিত মূল্যে বিক্রয় করা সম্ভব না হলে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড অকেজো ঘোষণাকরণ কমিটির নিকট বিষয়টি উত্থাপন করবে এবং অকেজো ঘোষণাকরণ কমিটি এই নীতিমালা অনুযায়ী যথাযথ কার্যক্রম গ্রহণ করবে।

(ঙ) বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের প্রতিবেদন হতে যদি প্রতীয়মান হয় যে, অকেজো ঘোষিত কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতির কোনো সংরক্ষিত মূল্য নেই তবে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড অকেজো ঘোষিত কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি বিনষ্ট করতে পারবে।

১২.০ অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি:

অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি যেমন- ফটোকপিয়ার মেশিন, ফ্যাক্স মেশিন, টেলিফোন সেট, এয়ার কন্ডিশনার ইত্যাদি অকেজো ঘোষণাকরণের নিমিত্ত ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড নির্ধারিত ছকে (পরিশিষ্ট 'ঘ') প্রয়োজনীয় তথ্যাবলী প্রস্তুত করবে। উক্ত যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণের জন্য অভিজ্ঞ কর্মকর্তা/ প্রকৌশলী নিয়ে কমপক্ষে ৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি কারিগরি কমিটি গঠন করবে। নিধারিত ছকে প্রদত্ত তথ্যাবলী বিবেচনা করে এবং প্রত্যক্ষ পরিদর্শনের মাধ্যমে এই কমিটি যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ সম্পর্কে মতামত প্রদান করবে যাতে বর্তমান বাজার মূল্য বিবেচনায় একটি সংরক্ষিত মূল্যও ধার্য্য থাকবে। উক্ত কারিগরি কমিটির মতামতের ভিত্তিতে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মহাপরিচালক অফিসে ব্যবহৃত যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরতঃ সংশ্লিষ্ট বিধি অনুসরণপূর্বক নিষ্পত্তি করবেন।

২৭/৬/২০২১

(মোঃ হামিদুর রহমান)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন # ০২-৪৮৩১৮২০৪
ই-মেইল: dg@wewb.gov.bd